বিএসইসি পুঁজিবাজারকে ভালোভাবে এগিয়ে নিচ্ছে: অর্থমন্ত্রী

২০১০ সালের ধসের পরিপ্রেক্ষিতে পুঁজিবাজার স্থিতিশীলতায় বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) পুনর্গঠন করা হয়। পুনর্গঠনের পর সংস্থাটি পুঁজিবাজারে ব্যাপক সংস্কার করেছে। এতে বাজারের ভিত্তি শক্তিশালী হয়েছে এবং কমিশন পুঁজিবাজারকে ভালোভাবেই এগিয়ে নিয়ে যাচ্ছে বলে জানিয়েছেন অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত। গত মঙ্গলবার সন্ধ্যায় রাজধানীর একটি হোটেলে পুঁজিবাজারের উন্নয়নে অর্থমন্ত্রীর উল্লেখযোগ্য অবদানের জন্য বিএসইসি কর্তৃক আয়োজিত সংবর্ধনা অনুষ্ঠানে তিনি এ কথা বলেন। সংবর্ধনা অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগের সচিব আসাদুল ইসলাম, বিএসইসির চেয়ারম্যান অধ্যাপক ড. এম খায়রুল হোসেন, কমিশনার অধ্যাপক হেলাল উদ্দীন নিজামী, অধ্যাপক ড. স্বপন কুমার বালা ও খোন্দকার কামালুজ্জামান। তাছাড়া অনুষ্ঠানে বিএসইসির কর্মকর্তা-কর্মচারীসহ বাজারসংশ্লিষ্ট স্টেকহোল্ডাররা উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত বলেন, দেশের পুঁজিবাজারে দুবার বড় ধরনের ধস হয়েছে। আর দুবারই হয়েছে আওয়ামী লীগ সরকারের সময়ে, যা আমাদের জন্য বিব্রতকর একটি বিষয় ছিল। ভবিষ্যতে যাতে এ ধরনের পরিস্থিতি না হয় সেজন্য পুঁজিবাজারকে ঢেলে সাজাতে ২০১১ সালে বিএসইসিকে পুনর্গঠন করা হয়। গত কয়েক বছরে তারা পুঁজিবাজারে ব্যাপক সংস্কার করেছে। http://bonikbarta.net

শনিবার ঢাকায় অনুষ্ঠিত হচ্ছে সাফা সিএফও সম্মেলন

দক্ষিণ এশিয়ার পেশাগত হিসাববিদদের সংগঠন সাউথ এশিয়ান ফেডারেশন অব অ্যাকাউন্ট্যান্টস বা সাফার আসন্ন চিফ ফিন্যান্সিয়াল অফিসার (সিএফও) সম্মেলন অনুষ্ঠিত হচ্ছে ঢাকায়। শনিবার রাজধানীর ইন্টারকন্টিনেন্টাল হোটেলে দিনব্যাপী অনুষ্ঠেয় এ সম্মেলনের স্থানীয় আয়োজক ইনস্টিটিউট অব কস্ট অ্যান্ড ম্যানেজমেন্ট অ্যাকাউন্ট্যান্টস অব বাংলাদেশ (আইসিএমএবি)। একই অনুষ্ঠানে আইসিএমএবি বেস্ট করপোরেট অ্যাওয়ার্ড ২০১৭ প্রদান করা হবে।গতকাল রাজধানীর নীলক্ষেতে অবস্থিত আইসিএমএ ভবনে সংবাদকর্মীদের সঙ্গে মতবিনিময়ের সময় আইসিএমএবির প্রেসিডেন্ট মোহাম্মদ সেলিম, এফসিএমএ জানান, শনিবার সকালে অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত প্রধান অতিথি হিসেবে সম্মেলন উদ্বোধন করবেন। সম্মেলনে সরকারি-বেসরকারি খাত, বহুজাতিক কোম্পানি, শিক্ষা খাত, দেশী-বিদেশী এনজিও ও উন্নয়ন সহযোগী সংস্থাগুলোর প্রায় ৫০০ উচ্চপদস্থ কর্মকর্তা অংশ নেবেন। দক্ষিণ এশীয় দেশগুলোর পাশাপাশি বিশ্বের অন্যান্য দেশ থেকে অনেক পেশাগত হিসাববিদ সম্মেলনে উপস্থিত থাকবেন।http://bonikbarta.net

২০১৮-১৯ অর্থবছরের প্রথম পাঁচ মাস : ১ হাজার ৭০৭ কোটি ডলারের পণ্য রফতানি

চলতি অর্থবছরের প্রথম পাঁচ মাসে (জুলাই-নভেম্বর) দেশের রফতানি খাত থেকে মোট ১ হাজার ৭০৭ কোটি ৩৭ লাখ ৬০ হাজার ডলারের পণ্য রফতানি হয়েছে। এ সময়ের জন্য রফতানির লক্ষ্যমাত্রা ছিল ১ হাজার ৫২৩ কোটি ৫০ লাখ ডলার। এ হিসাবে লক্ষ্যমাত্রার চেয়ে ১২ দশমিক শূন্য ৭ শতাংশ বেশি রফতানি হয়েছে।গতকাল রপ্তানী উন্নয়ন ব্যুরো (ইপিবি) অর্থবছরের প্রথম পাঁচ

মাসের রফতানি পরিসংখ্যান প্রকাশ করেছে। এতে দেখা গেছে, গত অর্থবছরের একই সময়ের তুলনায় আলোচ্য পাঁচ মাসে দেশের রফতানি বেড়েছে ১৭ দশমিক ২৪ শতাংশ। ২০১৭-১৮ অর্থবছরের প্রথম পাঁচ মাসে রফতানির পরিমাণ ছিল ১ হাজার ৪৫৬ কোটি ২৯ লাখ ১০ হাজার ডলার।ইপিবির একক মাসভিত্তিক পরিসংখ্যানে দেখা গেছে, নভেম্বরে রফতানি প্রবৃদ্ধি হয়েছে ১১ দশমিক ৯৪ শতাংশ। গত মাসে রফতানি হয়েছে ৩৪২ কোটি ১৯ লাখ ৮০ হাজার ডলারের পণ্য। ২০১৭-১৮ অর্থবছরের নভেম্বরে রফতানির পরিমাণ ছিল ৩০৫ কোটি ৭১ লাখ ১০ হাজার ডলার।http://bonikbarta.net

১৬ প্রতিষ্ঠান পাচ্ছে ন্যাশনাল প্রডাক্টিভিটি অ্যাওয়ার্ড

নিজ নিজ শিল্প-কারখানায় উৎপাদনশীলতা বৃদ্ধি ও উৎপাদিত পণ্যে উত্কর্ষ সাধনে গুরুত্বপূর্ণ অবদান রাখার স্বীকৃতি হিসেবে ১৬টি শিল্প ও সেবা প্রতিষ্ঠানকে ন্যাশনাল প্রডাক্টিভিটি অ্যান্ড কোয়ালিটি এক্সিলেন্স অ্যাওয়ার্ড-২০১৭ প্রদানের জন্য নির্বাচন করেছে শিল্প মন্ত্রণালয়। শিল্প খাতে বিশেষ অবদানের জন্য পঞ্চমবারের মতো এ পুরস্কার দেয়া হচ্ছে। ২০১৭ সালের জন্য ছয়টি ক্যাটাগরিতে এ পুরস্কার প্রদান করা হবে। বৃহৎ শিল্প ক্যাটাগরিতে পুরস্কারের জন্য নির্বাচিত হয়েছে স্কয়ার ফার্মাসিউটিক্যালস লিমিটেড, এনভয় টেক্সটাইলস লিমিটেড ও বিএসআরএম স্টিলস লিমিটেড। মাঝারি শিল্প ক্যাটাগরিতে পুরস্কার পাচ্ছে ওকো-টেক্স লিমিটেড, বিআরবি পলিমার লিমিটেড ও ন্যাসেনিয়া লিমিটেড। এছাড়া ক্ষুদ্র শিল্প ক্যাটাগরিতে প্রিমিয়াম সুইটস বাই সেন্ট্রাল, মেটাটিউড এশিয়া লিমিটেড ও আলীম ইন্ডাস্ট্রিজ লিমিটেড; মাইক্রো শিল্প ক্যাটাগরিতে খান বেকেলাইট প্রডাক্টস ও ট্রিম টেক্স বাংলাদেশ; কুটির শিল্প ক্যাটাগরিতে অধরা পার্লার অ্যান্ড স্পা ট্রেনিং সেন্টার ও প্রীতি বিউটি পার্লার এবং রাষ্ট্রায়ত্ত শিল্প ক্যাটাগরিতে রেনউইক, যজ্ঞেশ্বর অ্যান্ড কোং (বিডি) লিমিটেড, করিম জুট মিলস লিমিটেড ও ন্যাশনাল টিউবস লিমিটেড পুরস্কারের জন্য মনোনীত হয়েছে।http://bonikbarta.net

অর্থনীতি শ্লথ হওয়ায় ভারতে সুদের হার অপরিবর্তিত

ব্যাপক পরিসরে সংস্কার কর্মসূচি গ্রহণ সত্ত্বেও ভারতের অর্থনীতি শ্লথ হয়ে পড়েছে। এ অবস্থায় সুদের হার অপরিবর্তিত রাখার সিদ্ধান্ত নিয়েছে রিজার্ভ ব্যাংক অব ইন্ডিয়া (আরবিআই)। বুধবার কেন্দ্রীয় ব্যাংকের নীতিনির্ধারণী বৈঠকে এ সিদ্ধান্ত নেয়া হয়। এছাড়া প্রবৃদ্ধি ও মূল্যস্ফীতির পূর্বাভাসও কমিয়েছে কেন্দ্রীয় ব্যাংক। খবর এএফপি, লাইভমিন্ট ও হিন্দু। বুধবার মুম্বাইয়ে মনিটারি পলিসি কমিটির (এমপিসি) বৈঠক শেষে দেয়া বিবৃতিতে আরবিআই জানায়, বেঞ্চমার্ক রেপো রেট ৬ শতাংশে অপরিবর্তিত রাখা হয়েছে। এ সিদ্ধান্ত বিশ্লেষকদের পূর্বাভাস অনুযায়ীই নেয়া হয়েছে। উল্লেখ্য, ভারতে বর্তমানে সুদের হার ৬ শতাংশ, যা সাত বছরের সর্বনিম্ন। সর্বশেষ আগস্টে সুদের হার ২৫ বেসিস পয়েন্ট কমিয়ে ৬ শতাংশে ধার্য করেছিল আরবিআই।http://bonikbarta.net

কাতার-ওপেক সম্পর্কচ্ছেদ : প্রভাব পড়তে পারে বৈশ্বিক এলএনজি বাণিজ্যে

জ্বালানি পণ্য রফতানিকারকদের জোট অর্গানাইজেশন অব দ্য পেট্রোলিয়াম এক্সপোর্টিং কান্ট্রিজ (ওপেক)। জোটের সঙ্গে অর্ধশতকের বেশি সময় ধরে চলমান সম্পর্কের ইতি টানার ঘোষণা দিয়েছে উপসাগরীয় দেশ কাতার। এর প্রভাব পড়তে পারে তরলীকৃত প্রাকৃতিক গ্যাসের (এলএনজি) বৈশ্বিক বাণিজ্যে। বিশ্লেষকদের মতে, ওপেকভুক্ত দেশ হলেও অপরিশোধিত জ্বালানি তেল রফতানিতে কাতারের ভূমিকা খুব একটা গুরুত্বপূর্ণ নয়। তবে দেশটি বিশ্বের শীর্ষ এলএনজি রফতানিকারক হিসেবে পরিচিত। এ কারণে কাতারের ওপেক ছাড়ার কারণে বৈশ্বিক এলএনজি খাতে এর প্রভাব পড়ার জোরালো সম্ভাবনা রয়েছে। http://bonikbarta.net